

অধ্যক্ষ/পরিচালক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল (এসএলটি/ওটি) কলেজ

বিষয় :- ২০২৫ সনের ফেব্রুয়ারি মাসের বি.এসসি ইন অকুপেশনাল থেরাপী ৩য় ও ৪র্থ বর্ষ পরীক্ষার ফরমপূরণ ও ফিস জমা দেওয়া প্রসংগে।

জনাব,

২০২৫ সনের ফেব্রুয়ারি মাসের বি.এসসি ইন অকুপেশনাল থেরাপী ৩য় ও ৪র্থ বর্ষ পরীক্ষায় অংশ গ্রহণ করিতে ইচ্ছুক আপনার ইনস্টিটিউটের পরীক্ষার্থীদের ফরমপূরণ ও ফিস আগামী ১৯/০২/২০২৫ তারিখের মধ্যে অনলাইনে সম্পন্ন করিয়া ফরমসমূহ স্ব-স্ব কলেজ অফিসে সংরক্ষণ ও ফিস অত্র অফিসে জমা দেওয়ার ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হইল। “[www.cmc.du.ac.bd](http://www.cmc.du.ac.bd)” এই লিংকে প্রবেশ করে ফরমপূরণের সকল কার্যক্রম শিক্ষার্থী নিজেই সম্পন্ন করিতে পারিবে।

উল্লেখ্য যে, ১৯/০২/২০২৫ তারিখের পর সার্ভার স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাইবে তাই আর কোন পরীক্ষার্থীর ফরমপূরণ ও ফিস জমা নেওয়া সম্ভব হইবে না।

পরীক্ষার ফিস ও অন্যান্য ফিসের হার

ক)	প্রতি বিষয়ের জন্য পরীক্ষার ফিস-----	৭০০/০০ টাকা(অকুপেশনাল), ৮০০/- (স্পিচ এন্ড ল্যাংগুয়েজ)।
খ)	প্রত্যেক পরীক্ষার্থীর নম্বরপত্র ফিস-----	৪৫০/০০ টাকা।
গ)	রিটেনশন ফিস-----	৭৫০/০০ টাকা।
ঘ)	কেন্দ্র ফিস (পরীক্ষার কেন্দ্রের হিসাব নম্বরে)-----	৭৫০/০০ টাকা।
ঙ)	এন্ট্রি ফরম-----	১০০/০০ টাকা।
চ)	নন কলেজিয়েট ফি-----	২,২৫০/০০ টাকা।
ছ)	সাময়িক সনদ ফি (৪র্থ বর্ষ এর ক্ষেত্রে প্রযোজ্য)-----	২০০/০০ টাকা।

১ম পেশাগত/বর্ষ ১ম পরীক্ষায় অনুপস্থিত থাকলে ২য় পরীক্ষায় অংশগ্রহণের জন্য এবং পরবর্তী থেকে পর পর ০৪ (চার) বার অকৃতকার্য পরীক্ষার্থীরা ৫ম বারের জন্য আসন্ন পরীক্ষায় অংশ গ্রহণ করিতে পারিবে না। চিকিৎসা অনুষদের ডিন মহোদয়ের অনুমতি নিয়ে পর পর ০৪ (চার) বার অকৃতকার্য পরীক্ষার্থীরা ৬ষ্ঠ বারের জন্য আসন্ন পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে। ফরওয়ার্ডিং লেটার এর মাধ্যমে প্রত্যেক পরীক্ষার্থীর এন্ট্রিফরমের মূল্য বাবদ ১০০(একশত) টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার **Controller of Examinations (A/C-33011288)** অত্র অফিসে জমা দিতে হইবে। ফিসের টাকা “**Fees from the Constituent College**” এই শিরোনামে পে-অর্ডার/ডিডি তৈয়ার করিয়া জমা দিতে হইবে। পে-অর্ডার/ডিডি অবশ্যই হিসেবে (A/C Payee) হইতে হইবে।

প্রশাসনিক ভবন,  
ঢাকা বিশ্ববিদ্যালয়।


আপনার বিশস্ত  
স্বাক্ষর/-  
(মোঃ বাহালুল হক চৌধুরী)  
পরীক্ষা নিয়ন্ত্রক  
ঢাকা বিশ্ববিদ্যালয়

মেমো নং- ৩১৬৭/মে.সে./প./৩৩৫

তারিখঃ ১১/০২/২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল।

১। মাননীয় ডিন, চিকিৎসা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

  
(মোঃ বাহালুল হক চৌধুরী)  
পরীক্ষা নিয়ন্ত্রক  
ঢাকা বিশ্ববিদ্যালয়।